

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ৭

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ শির্কের ভয়াবহতা

আরবী

7- عَنْ مَحْمُودِ بْنِ لَبِيدٍ _ رضي الله عنه _ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ: « إِنَّ أَخْوَفَ مَا أَخَافُ عَلَيْكُمْ الشِّرْكُ الْأَصْغَرُ», قَالُوا: وَمَا الشِّرْكُ الْأَصْغَرُ يَا رَسُولَ اللَّهِ إِنَّ أَخْوَفَ مَا أَخَافُ عَلَيْكُمْ الشِّرْكُ الْأَصْغَرُ», قَالُوا: وَمَا الشِّرْكُ الْأَصْغَرُ يَا رَسُولَ اللَّهِ ؟ قَالَ: «الرِّيَاءُ، يَقُولُ اللَّهُ _عَزَّ وَجَلَّ _ لَهُمْ يَوْمَ الْقِيَامَةِ _ إِذَا جُزِيَ النَّاسُ بِأَعْمَالِهِمْ _: اذْهَبُوا إِلَى الَّذِينَ كُنْتُمْ تُرَاءُونَ فِي الدُّنْيَا فَانْظُرُوا هَلْ تَجِدُونَ عِنْدَهُمْ جَزَاءً » . (أحمد) صحيح

বাংলা

৭. মাহমুদ ইবনু লাবিদ রাদিয়াল্লাভ্ আনভ্ থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "আমি তোমাদের ওপর যা ভয় করি তার মধ্যে সবচেয়ে ভয়ংকর হচ্ছে শির্কে আসগর (ছোট শির্ক)। তারা বলল: হে আল্লাহর রাসূল শির্কে আসগর কি? তিনি বললেন: "রিয়া (লোক দেখানো আমল), আল্লাহ তা'আলা কিয়ামতের দিন তাদেরকে (রিয়াকারীদের) বলবেন, যখন মানুষকে তাদের আমলের বিনিময় দেয়া হবে: তোমরা তাদের কাছে যাও যাদেরকে তোমরা দুনিয়াতে দেখাতে, দেখ তাদের কাছে কোন প্রতিদান পাও কিনা"। [আহমদ] হাদিসটি সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন